দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 8

13

## ইসলামী ভার্সিটি স্থানান্তর প্রতিরোধ কমিটির কর্মসূচী

(ইত্তেফাক রিপোর্ট)

ইসলামী বিশ্ববিদ্যালয় টংগী হইতে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত

(শেষ পৃ: ৩-এর ক: দ্র: )

## ইসলামী ভার্সিটি

(১ম পৃ: পর )

প্রত্যাহারের দাবীতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ কমিটি আজ (শনিবার) হইতে ১০ দিন-

(১১শ পৃ: দ্র: )

## ইসলামী ভার্সিটি

(১ম পৃ: পর)

ব্যাপী কর্মসূচী ঘোষণা করিয়াছে : ১৪ হইতে ২০শে জানুয়ারী গণ-সংযোগ সপ্তাহ, ২১শে জানুয়ারী স্মারকলিপি প্রদান, ২২শে জানুয়ারী প্রতিবাদ দিবস পালন ও ২৩শে জানুয়ারী ছাত্র-সমাবেশ।

প্রতিরোধ কমিটির আহ্বায়ক নাজমুল হক সাঈদী গতকাল (শুক্রবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে উপরোক্ত কর্মসূচী ঘোষণা করিয়া বলেন, পাঠাগারের সুবিধা, মূল পরিকল্পনা অনুযায়ী বিদেশী ছাত্র ও বিশেষজ্ঞদের আকর্ষণ করা ইত্যাদি কারণে ইসলামী বিশ্ববিদ্যালয় রাজধানীতে থাকা বাঞ্ছনীয়।

চট্টগ্রাম আন্দরকিল্লা জামে মসজিদের খতীব সৈয়দ আবদুল আহাদ আল মাদানী ও পীর মওলানা আবদুল জাব্বার এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানাইয়া বলিয়াছেন, দেশের সকল মাদ্রাসার প্রতিনিধিত্বের স্বার্থে ইসলামী বিশ্ববিদ্যালয় রাজধানীতে থাকা বাঞ্ছনীয়।